ভারত-চীনসহ চার দেশের জন্য হরমুজ প্রণালী খুলে দিল ইরান



হরমুজ প্রণালী। ছবি: সংগৃহীত

মধ্যপ্রাচ্যের সংঘাতের মধ্যে হরমুজ প্রণালি দিয়ে বাণিজ্যিক জাহাজ চলাচলে চারটি দেশের ওপর থেকে বিধিনিষেধ তুলে নিয়েছে ইরান। দেশগুলো হলো ভারত, চীন, ইরাক ও কাতার। তবে অন্য দেশের জাহাজের জন্য আগের বিধিনিষেধ এখনো বহাল রয়েছে।

বৃহস্পতিবার (৫ নভেম্বর) এনডিটিভির প্রতিবেদনে বলা হয়, ইরানের পার্লামেন্টের জাতীয় নিরাপত্তা ও পররাষ্ট্রনীতি কমিটির উপপ্রধান আমির হায়াত মোঘাদ্দাম এ সিদ্ধান্তের কথা জানিয়েছেন। দেশটির একটি আধা-সরকারি সংবাদমাধ্যমকে তিনি বলেন, চার দেশের জাহাজ এখন বাধাহীনভাবে প্রণালিটি ব্যবহার করতে পারছে।

ইরানের এই সিদ্ধান্তের পেছনে দেশভেদে ভিন্ন কারণ রয়েছে বলে জানিয়েছেন মোঘাদ্দাম। তাঁর মতে, ভারতকে ছাড় দেওয়ার উদ্দেশ্য দেশটি থেকে ওষুধ আমদানি সহজ করা। আর চীনের ক্ষেত্রে দেশটির রাজনৈতিক সমর্থনের বিষয়টি বিবেচনায় নেওয়া হয়েছে।

তবে এই সুবিধা পাওয়ার অর্থ বিনা মূল্যে হরমুজ পার হওয়ার সুযোগ নয়। বিভিন্ন সংবাদমাধ্যমের তথ্য অনুযায়ী, ভারতীয় জাহাজকে প্রণালি ব্যবহারের জন্য ট্রানজিট ফি দিতে হতে পারে। ফলে চলাচলের বিধিনিষেধ শিথিল হলেও ফি মওকুফের বিষয়টি এখনো নিশ্চিত নয়।

ইরানের সঙ্গে চার দেশের সম্পর্কেরও রয়েছে কৌশলগত গুরুত্ব। চীন ইরানি তেলের অন্যতম প্রধান ক্রেতা ও গুরুত্বপূর্ণ অর্থনৈতিক অংশীদার। কাতার বিশ্বের অন্যতম বড় এলএনজি রপ্তানিকারক দেশ। অন্যদিকে, প্রতিবেশী ইরাকের নিরাপত্তা ও স্থিতিশীলতা ইরানের জন্য গুরুত্বপূর্ণ।

বিশ্বের জ্বালানি বাণিজ্যের অন্যতম প্রধান নৌপথ হরমুজ প্রণালি পারস্য উপসাগর ও ওমান উপসাগরকে যুক্ত করেছে। স্বাভাবিক সময়ে বিশ্বের মোট জ্বালানি সরবরাহের প্রায় ২০ শতাংশ এই পথ দিয়ে পরিবাহিত হয়। গত ২৮ ফেব্রুয়ারি যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের যৌথ হামলার পর ইরানকে ঘিরে সংঘাত শুরু হলে নৌপথটিতে জাহাজ চলাচল ব্যাপকভাবে ব্যাহত হয়।

এই সংঘাতে ওই অঞ্চলে জাহাজে হামলার ঘটনায় অন্তত ১৫ জন ভারতীয় নাবিক নিহত হয়েছেন। সর্বশেষ গত সোমবার (২ নভেম্বর) ওমানের লিমাহ উপকূলের কাছে একটি বাণিজ্যিক জাহাজে হামলায় প্রাণ হারান এক ভারতীয় নাবিক।

এ অবস্থায় ভারত কূটনৈতিক আলোচনার মাধ্যমে সংঘাতের অবসান চেয়েছে। পাশাপাশি আন্তর্জাতিক আইন অনুসরণ করে হরমুজসহ সব আন্তর্জাতিক নৌপথে নির্বিঘ্নে জাহাজ চলাচল ও বাণিজ্য চালু রাখার আহ্বান জানিয়েছে দেশটি।

সূত্র: এনডিটিভি